

সূত্র

প্রিন্ট: ০৫ নভেম্বর ২০২৫, ০২:১৮ পিএম

শিক্ষাঙ্গন

চারি শিক্ষকদের জন্য সরকারি সমকক্ষ পদের তুলনায় দ্বিগুণ বেতনের প্রস্তাব



চারি প্রতিনিধি

প্রকাশ: ০৪ নভেম্বর ২০২৫, ০৯:৫৪ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়। ফাইল ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়কে ‘বিশেষ মর্যাদা’ প্রদান করে বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের জন্য আলাদা বেতন-ভাতা ও সুযোগ-সুবিধা নির্ধারণের দাবি জানিয়েছে শিক্ষক সংগঠন সাদা দল। মঙ্গলবার (৪ নভেম্বর) দুপুর ১২টায় জাতীয় বেতন কমিশনের চেয়ারম্যান জাকির আহমেদ খানের সঙ্গে সাক্ষাৎ করে তাকে লিখিত ১০ দফা স্মারকলিপি পেশ করেন সংগঠনের নেতারা।

সাক্ষাৎকালে সাদা দলের নেতারা জানান, দেশের স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে রাষ্ট্র গঠনের প্রতিটি গুরুত্বপূর্ণ অধ্যায়ে ঢাকা বিশ্ববিদ্যালয় অসামান্য অবদান রেখেছে। এই ঐতিহাসিক অবদানের স্বীকৃতি হিসেবে বিশ্ববিদ্যালয়কে ‘বিশেষ প্রাতিষ্ঠানিক মর্যাদা’ দেওয়া এবং এর শিক্ষকদের সরকারি সমকক্ষ পদের তুলনায় ১০০% বেশি বেতন প্রদানের দাবি জানান তারা।

নতুন পে স্কেলে গ্রেড কমানোর প্রস্তাব, সর্বনিম্ন বেতন কত হতে পারে

এসময় উপস্থিত ছিলেন ঢাবির বিজ্ঞান অনুষদের ডিন ও সাদা দলের যুগ্ম আহবায়ক অধ্যাপক ড. আব্দুস সালামের নেতৃত্বে অন্যান্যদের মাঝে উপস্থিত ছিলেন সাদাদলের যুগ্ম আহবায়ক ও পার্সিয়ান ভাষা ও সাহিত্য বিভাগের অধ্যাপক ড. মো. আবুল কালাম সরকার, সাদা দলের সদস্য সচিব ও আইবিএ-এর অধ্যাপক ড. মো. মহিউদ্দিন, মার্কেটিং বিভাগের অধ্যাপক ড. এ বি এম শহিদুল ইসলাম, ভূগোল ও পরিবেশ বিভাগের অধ্যাপক মোহাম্মদ শফিউল্লাহ, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের অধ্যাপক ড. মো. নুরুল আমিন এবং গ্রাফিক্স ডিজাইন বিভাগের সহযোগী অধ্যাপক ইসরাফিল প্রাং রতন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের পক্ষে পেশকৃত দাবিগুলো হলো-

১। স্বাধীনতা আন্দোলন থেকে শুরু করে রাষ্ট্রের আর্থ-সামাজিক ও রাজনৈতিক অগ্রযাত্রার প্রতিটি গুরুত্বপূর্ণ অধ্যায়ে এই বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা অগ্রণী ভূমিকা পালন করেছেন। এই ঐতিহাসিক অবদান, শিক্ষার মান, গবেষণার গভীরতা এবং জাতি গঠনে ধারাবাহিক ভূমিকার স্বীকৃতিস্বরূপ ঢাকা বিশ্ববিদ্যালয়কে বিশেষ প্রাতিষ্ঠানিক মর্যাদা প্রদান করা। এই মর্যাদার অংশ হিসেবে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও কর্মকর্তাদের বেতন সরকারি সমতুল্য অন্যান্য পদের তুলনায় ১০০% বেশি ধার্য করা।

২। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জ্যেষ্ঠ ও আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন অধ্যাপকদের পদমর্যাদা সুপার গ্রেডে উন্নীতকরণ এবং বিশ্ববিদ্যালয়ের অন্যান্য শিক্ষকদের গ্রেড প্রস্তাবনা অনুসারে বিশিষ্ট অধ্যাপকদের সুপার গ্রেড- ১, সিলেকশন গ্রেড অধ্যাপকদের সুপার গ্রেড- ২, জ্যেষ্ঠ অধ্যাপকদের গ্রেড-১, অধ্যাপক গ্রেড-২, সহযোগী অধ্যাপক গ্রেড ৩, সহকারী অধ্যাপক গ্রেড ৫ এবং প্রভাষকদের ক্ষেত্রে গ্রেড-৭ উন্নীতকরণ।

২৩৭ আসনে বিএনপির প্রার্থী কারা, একনজরে দেখে নিন

৩। শিক্ষকদের অতিরিক্ত প্রশাসনিক এবং একাডেমিক দায়িত্বের স্বীকৃতিস্বরূপ উপাচার্য, উপ-উপাচার্য এবং কোষাধ্যক্ষ পদসমূহে মূল বেতনের ১০০%, ডিন, হল প্রভোস্ট এবং প্রক্টর পদসমূহে মূল বেতনের ৮০%, ইনস্টিটিউটের পরিচালক এবং বিভাগের চেয়ারম্যান পদসমূহে মূল বেতনের ৬০ %, হোস্টেল ওয়ার্ডেন এবং সহকারি প্রক্টর পদসমূহে মূল বেতনের ৫০%, হাউস-টিউটর, সহকারি হাউস-টিউটর এবং ছাত্র উপদেষ্টা পদসমূহে মূল বেতনের ৪০% এক্তিং এলাউন্স প্রদান।

৪। গবেষণা এবং শিক্ষা সহায়ক উপকরণ, যেমন- ল্যাপটপ, জার্নাল ও সফটওয়্যার সাবস্ক্রিপশন ইত্যাদি ক্রয়ের নিমিত্তে শিক্ষকদের ন্যূনতম ৩ লক্ষ টাকা বার্ষিক ভাতা প্রদান।

৫। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের গবেষণা (যথাযথ মান ও বিধান অনুসরণ করে) প্রকল্পে অধ্যাপকদের ২০ লাখ টাকা, সহযোগী অধ্যাপকদের ১৫ লাখ টাকা এবং সহকারী অধ্যাপক/প্রভাষকদের ১০ লাখ টাকা আর্থিক বরাদ্দের সুবিধা।

ঢাবির ৪০৩ শিক্ষার্থীকে কারণ দর্শানোর নোটিশ

৬। গবেষণালব্ধ জ্ঞান স্বীকৃত জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিতরণের নিমিত্ত জাতীয় কনফারেন্স/সেমিনারে অংশগ্রহণের জন্য ভ্রমণ, আবাসন ও অন্যান্য আনুষঙ্গিক খরচ প্রদান।

৭। স্বীকৃত জার্নালে প্রকাশনার জন্য নির্ধারিত সম্পূর্ণ আর্টিকেল প্রসেসিং চার্জ (এ পি সি) প্রদানের ব্যবস্থা করা। এছাড়া গবেষণা ও মানসম্মত জার্নালে প্রকাশে উৎসাহ প্রদানে (২) জার্নালে প্রকাশনার জন্য ২ লাখ টাকা, Q2 জার্নালের জন্য ১ লাখ টাকা এবং Q3 জার্নালের জন্য ৫০ হাজার টাকা প্রকাশনা পরবর্তী প্রণোদনা প্রদান।

৮। বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের স্থায়ী আবাসন নিশ্চিতকরণের লক্ষ্যে বিনা সুদে গৃহ ঋণ সুবিধা প্রদান।

৯। যাতায়াত সুবিধার নিমিত্তে বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং সহযোগী অধ্যাপকদের মাসিক রক্ষণাবেক্ষণ ভাতাসহ গাড়ি ক্রয়ে স্বল্প সুদে ঋণ প্রদান। একই সাথে সহকারী অধ্যাপক এবং প্রভাষকদের মাসিক ২০ হাজার টাকা যাতায়াত ভাতা প্রদান।

বাবার পথ ধরে ধানের শীষের প্রার্থী হচ্ছেন যারা

১০। বিশ্ববিদ্যালয় শিক্ষকদের পেশাগত আয়ের ওপর কর অব্যাহতি প্রদান।

সাদা দলের নেতারা জানান, টাকা বিশ্ববিদ্যালয়কে ‘বিশেষ মর্যাদা’ দিয়ে এর সকল শিক্ষকের আলাদা বেতন ভাতা ও অন্যান্য সুযোগ সুবিধা প্রদানের দাবি ও যুক্তি তুলে ধরেছেন তারা। কমিশনের প্রধান টাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক নেতাদের দাবিসমূহ বিস্তারিত শোনেন এবং ইতিবাচক মনোভাব পোষণ করেন বলেও যোগ করেন তারা।